

101/Beng(N)

UG/1st Sem/BENG-CC-101/23

২০২৩

## বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (প্রথম ভাগ)  
পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) চর্যাপদে কতজন পদকর্তার উল্লেখ আছে? প্রাচীনতম পদকর্তা কে?
- খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার লেখা? কাব্যটি কবে প্রকাশিত হয়?
- গ) 'গুণরাজ খাঁ' কার উপাধি? তাঁর লেখা গ্রন্থের নাম কী?
- ঘ) প্রাক্চৈতন্যযুগের একজন বিখ্যাত রামায়ণ অনুবাদকের নাম লেখো। তিনি কোথায় জন্মগ্রহণ করেন?
- ঙ) পূর্বভারতের 'কবিসার্বভৌম' কাকে বলা হয়? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।
- চ) 'মনসামঙ্গল' কাব্যের দু'জন পূর্ববঙ্গধারার কবির নাম করো।
- ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন? তিনি কার আদেশে গ্রন্থটি লিখেছিলেন?
- জ) 'ধর্মমঙ্গল' কাব্যের আদি কবি কে ছিলেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?
- ঝ) "নিরঞ্জন - সৃষ্টি নর অমূল্য রতন।  
ত্রিভুবনে নাহি কেহ তাহার সমান।।"  
— কার লেখা কোন্ রচনার অংশ?

[পরের পাতায়]

- এ৩) 'চৈতন্যভাগবত' গ্রন্থের দুটি বিশেষত্ব লেখো।
- ট) লিপি কাকে বলে? কোন্ লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়?
- ঠ) প্রকাশকালসহ দৌলত কাজীর গ্রন্থের নাম লেখো।
- ড) 'অর্ধসংবৃত' ও 'অর্ধবিবৃত' স্বরধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।
- ঢ) প্রাচীন ভারতীয় আর্যভাষার বিস্তৃতিকাল উল্লেখ করে এই ভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।
- ণ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দুটি মূল নীতির উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ক) তুর্কি আক্রমণের ইতিবাচক দিকগুলি উল্লেখ করো।
- খ) বাংলা সাহিত্য ও সমাজে চৈতন্যদেবের অবদান সংক্ষেপে লেখো।
- গ) শাক্তপদ রচনায় কবি রামপ্রসাদ সেনের অবদান উল্লেখ করো।
- ঘ) সৈয়দ আলানুলের 'পদ্মাবতী' কাহিনীর উৎস নির্দেশ করে কবির কাব্য প্রতিভার পরিচয় দাও।
- ঙ) ভাষার সংজ্ঞা লেখো। এর বৈশিষ্ট্যের উল্লেখ করো।

২+৩

চ) প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ক) চর্যাপদে বিধৃত দেশ-কাল-সমাজের পরিচয় দাও।
- খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে কাব্যটির সাহিত্যিক মূল্য নির্ণয় করো।
- গ) চণ্ডীমঙ্গল কাব্য রচনায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর কবি প্রতিভার পরিচয় দাও।
- ঘ) প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।